

# 11th India-Finland Foreign Office Consultations

November 24, 2021

## 11তম ভারত-ফিনল্যান্ড বিদেশ দপ্তর পরামর্শ

নভেম্বর 24, 2021

23 শে নভেম্বর 2021 তারিখে হেলসিঙ্কিতে ভারত এবং ফিনল্যান্ডের মধ্যে 11 তম দফার বিদেশ দপ্তর পরামর্শ অনুষ্ঠিত হয়েছে। ভারতের প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন বিদেশ মন্ত্রকের সচিব (পশ্চিম) শ্রীমতী রীনাত সান্দু এবং ফিনিশ প্রতিনিধিদলের নেতৃত্ব দিয়েছেন ফিনল্যান্ডের বিদেশ বিষয়ক মন্ত্রকের স্থায়ী সচিব শ্রীযুক্ত মার্তি অ্যানতোনেন।

2. ভারত এবং ফিনল্যান্ড, গণতন্ত্র, স্বাধীনতা, আইনের শাসন এবং মানবাধিকারের প্রতি সম্মানের অভিন্ন মূল্যবোধ দ্বারা সমর্থিত উষ্ণ ও বন্ধুত্বপূর্ণ সম্পর্কে ভাগ করে নেয়। 16ই মার্চ 2021 তারিখে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ফিনল্যান্ডের প্রধানমন্ত্রী সান্না মারিনের মধ্যে অনুষ্ঠিত হওয়া ভারুয়াল শীর্ষ সম্মেলন আমাদের দ্বিপাক্ষিক সম্পর্কে মজবুত গতিবেগ যোগ করেছে।

3. বিদেশ দপ্তর পরামর্শটি, বাণিজ্য এবং বিনিয়োগ, বিজ্ঞান ও প্রযুক্তি, শিক্ষা, ডিজিটাইজেশন, কৃত্রিম বুদ্ধিমত্তা, কোয়ান্টাম কম্পিউটিং, উদ্ভাবন, স্থায়ী বিকাশ, বৃত্তাকার অর্থনীতি এবং পুনর্নবীকরণ শক্তির মত বিভিন্ন ক্ষেত্রে আমাদের অংশীদারিত্বকে আরও মজবুত করা সহ দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া আলোচনা করার একটি সুযোগ প্রদান করেছে। উভয় পক্ষ শীর্ষ সম্মেলনের পর থেকে এখন পর্যন্ত হওয়া অগ্রগতির পর্যালোচনা করেছেন এবং বৃত্তিমূলক শিক্ষা, মহাকাশ, স্টার্টআপস, স্বাস্থ্য ও ওষুধ বিষয়ক -এর মত নতুন ক্ষেত্রগুলিতে সহযোগিতা অন্বেষণ করার জন্য সম্মত হয়েছেন।

4. উভয় পক্ষ উল্লেখ করেছেন যে, 100 -র অধিক ফিনিশ কোম্পানি এবং 30- এর অধিক ভারতীয় কোম্পানি যথাক্রমে ভারতে ও ফিনল্যান্ডে রয়েছে এবং একে অপরের অর্থনীতিতে উল্লেখযোগ্য অবদান রেখেছে। ভারতীয় পক্ষ, মেক ইন ইন্ডিয়া, ডিজিটাল ইন্ডিয়ান মত ক্ল্যাগশিপ উদ্যোগগুলিতে অবদান রাখার জন্য ফিনিশ কোম্পানিগুলিকে আমন্ত্রণ জানিয়েছে।

5. ছাত্রছাত্রী এবং পেশাদার সহ দুই দেশের মধ্যে যাতায়াতকে উন্নততর করার প্রয়োজনীয়তা নিয়ে উভয় পক্ষ আলোচনা করেছেন। এই পরপ্রেক্ষিতে, সম্প্রতি সম্পন্ন হওয়া এয়ার বাবল, যেটি ভারত এবং ফিনল্যান্ডের মধ্যে সরাসরি উড়ানকে পুনরায় চালু করতে সক্ষম করবে সেই বিষয়ের উপরে তারা সন্তোষ প্রকাশ করেছেন।

6. দুই পক্ষ কোভিড-19 পরিস্থিতি এবং দুই দেশে টিকাকরণ অভিযান নিয়ে আলোচনা করেছেন। জলবায়ু পরিবর্তন এবং 2030 এসডিজি আলোচ্য সূচি ঘিরেও আলোচনা করা হয়েছে।

7. ফিনিশিয় পক্ষ স্বাধীনতার 75 বৎসর উপলক্ষে ভারতকে অভিনন্দন জ্ঞাপন করেছে এবং জানিয়েছে যে এই গুরুত্বপূর্ণ উপলক্ষকে স্মরণ করার জন্য আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য উন্মুখ হয়ে রয়েছে।

8. আফগানিস্তান, ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল, ভারত- ইউরোপীয় ইউনিয়ন অংশীদারিত্ব, উত্তর ও দক্ষিণ মেরু অঞ্চলে সহযোগিতা এবং সিওপি-26 সহ পারস্পরিক স্বার্থের আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়গুলি নিয়ে উভয় পক্ষ দৃষ্টিভঙ্গির বিনিময় করেছেন।

9. সচিব (পশ্চিম), ফিনল্যান্ডের বিদেশ মন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার পেঙ্কা হ্যাভিস্টোর সাথে একটি সৌজন্য সাক্ষাৎ করেছেন এবং দ্বিপাক্ষিক সম্পর্কের ইতিবাচক গতিপথ নিয়ে আলোচনা করেছেন ও আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয় নিয়ে মত বিনিময় করেছেন।

হেলসিঙ্কি

নভেম্বর 23, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.